যুগান্তর

তারিখ ৩০ MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ২

শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

# নতুন স্কেলে এমপিওসহ ২১ দফা দাবি

**যুগান্তর রিপোর্ট**

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতনভাতা অবিলম্বে নতুন পে-স্কেলে দেয়ার দিনক্ষণ উল্লেখ করে প্রজ্ঞাপন জারিসহ ২১ দফা দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। সোমবার বিকালে সংগঠনের তিন সদস্যের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে এসব দাবি জানান। পরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে ফ্রন্টের পক্ষ থেকে বলা হয়, ৩১ মার্চের মধ্যে সরকারকে দাবি মেনে নিতে হবে।